গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

‘দরিদ্র্য মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) (২য় সংশোধিত)’ প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা

কার্যক্রমের পরামর্শকের কার্যপরিধি (ToR)

ক. প্রকল্পের বিবরণী:

১	প্রকল্পের নাম	:	**দরিদ্র্য মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) (২য় সংশোধিত)**
২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
৪	প্রকল্পের অবস্থান	:	০২টি বিভাগের ১৫ টি জেলা এবং ৫৯টি উপজেলা

৫. প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

৫.১	**অনুমোদিত ব্যয়** (লক্ষ টাকায়)	:	**মূল**	**১ম সংশোধিত**	**২য় সংশোধিত**
	মোট	:	৭৪৫৪.৮৩	১৩১৩৯.৮২	১৫৭৩৪.০০
	জিওবি	:	৭৪৫৪.৮৩	১৩১৩৯.৮২	১৫৭৩৪.০০
	প্রকল্প সাহায্য	:	-	-	-

৫.২	**বাস্তবায়নকাল**	:	**মূল**	**১ম সংশোধিত**	**২য় সংশোধিত**	**ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি**
	শুরুর তারিখ	:	জানুয়ারি ২০১২	জানুয়ারি ২০১২	জানুয়ারি ২০১২	-
	শেষের তারিখ	:	জুন ২০১৬	ডিসেম্বর ২০১৬	জুন ২০১৮	-

৬. প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো দরিদ্র্য ও অসহায় মহিলাদের দারিদ্র্য বিমোচন এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে ক্ষমতায়ন করা। সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো:

- সচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন;
- আয়বর্ধনমূলক কর্মকান্ডে ব্যবহারের লক্ষ্যে স্থানীয় সম্পদ গঠন;
- ব্যক্তিগত ও সামগ্রিক স্বার্থে গ্রামীণ মহিলদের সংগঠিতকরণ;

৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- সমিতি গঠন - ২৭৮৪টি;
- সদস্য অন্তর্ভুক্ত- ৭৬২৫০ জন;
- সঞ্চয়- ১৬১৪.০০ লক্ষ টাকা;
- প্রশিক্ষণ- ৬০,০০০ জন;
- ঋণ বিতরণ- ৭১৭৭.০০ লক্ষ টাকা;
- ভবন নির্মাণ- ৫১টি।

খ. **পরামর্শকের কার্যপরিধি (TOR) :**

৮.০ পরামর্শকের দায়িত্বঃ

৮.১ প্রকল্পের বিবরণ (পটভুমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয়, প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্প এলাকা নির্বাচনে যৌক্তিকতা ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা,

৮.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, অর্থছাড় ও ব্যয় এবং প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা। এছাড়া ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলনের যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের এ ধরণের প্রকল্প গ্রহণের জন্য সুপারিশ প্রদান;

৮.৩ ডিপিপি ও লগফ্রেমের আলোকে আউটপুট, আউটকাম ও ইমফেক্ট পর্যায়ে অর্জন, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রাতিপালন করা হয়েছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চনীয়; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন)

৮.৫ প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.৬ প্রকল্পের আওতায় সংগৃহিত পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেশিফিকেশন/BoQ/ToR, গুণগতমান পরিমান অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা;

৮.৭ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেইজ লাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা;

৮.৮ প্রকল্পের ২৭৮৪টি সমিতির মধ্যে কতটি সমিতি গঠন করা হয়েছে ও ডিপিপি'র রুপরেখা অনুযায়ী সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ৭৬২৫০ জন সদস্য অন্তর্ভুক্তির বিপরীতে কত জন সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্তমানে গঠিত সমিতিসমূহের কার্যকারিতা ও আর্থসামাজিক উন্নয়নে প্রভাব পর্যালোচনা;

৮.৯ ৭১৭৭.০০ লক্ষ টাকা বিতরণকৃত ঋণের কত শতাংশ আদায় হয়েছে। অনাদায়ী ঋণের ভবিষ্যত কি তা সবিস্তারে বিশ্লেষণ এবং সুবিধাভোগীদের ঋণ প্রাপ্তির ফলে কিকি পরিবর্তন হয়েছে তা বেইজলাইন/কন্ট্রোল গ্রুফের মাধ্যমে পর্যালোচনা ও বিশ্লেষণ;

৮.১০ ডিপিপি'র ১৬১৪.০০ লক্ষ টাকা সঞ্চয়ের বিপরীতে এর ব্যবহারের হার ও প্রভাব পর্যালোচনা;

৮.১১ ৬০,০০০ জনের প্রশিক্ষণের মাধ্যমে সুফলভোগীদের কি কি দক্ষতা বৃদ্ধি পেয়েছে এবং তাদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা ও সচেতনতা বৃদ্ধিতে প্রশিক্ষণের প্রভাব পর্যালোচনা;

৮.১২ প্রকল্পটি সংশোধনের ফলে BCR ও IRR পর্যালোচনা ও পর্যবেক্ষণ। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

৮.১৩ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.১৪ প্রকল্পের আওতায় ৫১টি ভবন নির্মাণ/ডিজাইনের কোন সীমাবদ্ধতা ছিলো কিনা? বর্তমান অফিস ভবন/সেলস সেন্টার কি অবস্থায় রয়েছে তার বিস্তারিত পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.১৫ প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি, সৃষ্ট সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT বিশ্লেষণ;

৮.১৬ যেসব FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করা হবে তার একটি ভিডিও (নূন্যতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;

৮.১৭ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্তি তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্তি মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে; এবং

৮.১৮ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৯.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান	-	• প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার (আর্থ-সামাজিক)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞান/ অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার	• ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনায় ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; • সমধর্মী গবেষণায় ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software package পরিচালনায় দক্ষ হতে হবে; • পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮ এবং অন্যান্য আর্থিক বিধি বিধান সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে ; এবং • উপস্থাপনা দক্ষতা (Presentation Skill)
	খ) ক্ষুদ্র ঋণ বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/ফিন্যান্স/হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।	• ক্ষুদ্র ঋণ সংক্রান্ত কাজে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে বিশেষ দক্ষতা, প্রতিবেদন প্রণয়নে দক্ষতা;
	গ) ইঞ্জিনিয়ার	নূন্যতম সিভিল ইঞ্জিনিয়ারিং - এ স্নাতক ডিগ্রি	• সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত; • প্রতিবেদন প্রণয়ন ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ক ডাটা বিশ্লেষণে দক্ষতা;
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে (ডাটা ব্যবস্থাপনা, ডাটা এন্ট্রি, এনালাইসিস ইত্যাদি) কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা;

১০.০ নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	
৪)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	

১১.০ ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন;
- প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য সহযোগিতা প্রদান, ইত্যাদি।